



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/15/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল সামনের ঝুঁকিসহ শক্তিশালী অর্থনৈতিক অবস্থানের পরিকল্পনা  
সমেত হালনাগাদকৃত অর্থনৈতিক পরিকল্পনা প্রকাশের ঘোষণা দিয়েছেন

পরিকল্পনার প্রতিটি বছরের জন্য প্রত্যাশার চেয়ে 2.1 বিলিয়ন মার্কিন ডলার অধিক  
রাজস্বের পূর্বাভাস দেওয়া হয়েছে

গভর্নর 1.1 বিলিয়ন মার্কিন ডলার রিজার্ভে রাখার নির্দেশ দিয়েছেন যেহেতু  
কোভিড-19 ভ্যারিয়েন্ট সংক্রমিত হচ্ছে

কোভিড-19 ভ্যারিয়েন্ট অর্থনীতি পুনরায় খোলাকে হুমকির মুখে ফেলায় ঝুঁকি রয়ে  
গেছে

নিউ ইয়র্ক স্টেটের গভর্নর ক্যাথি হোচুল আজকে [নিউ ইয়র্ক স্টেট অর্থনৈতিক পরিকল্পনার \(New York State Financial Plan\)](#) প্রথম কোয়ার্টারের আপডেট ঘোষণা করেছেন, যা স্টেটের শক্তিশালী অর্থনৈতিক অবস্থান প্রকাশ করে যেহেতু প্রত্যাশার চেয়ে বেশি প্রবৃদ্ধি হয়েছে এবং চার বছরের পরিকল্পনার প্রতিটি বছরের জন্য প্রত্যাশার চেয়ে 2.1 বিলিয়ন মার্কিন ডলার অধিক রাজস্বের পূর্বাভাস দেওয়া হয়েছে। ফলাফলস্বরূপ, পরিকল্পনা এই বছর এবং সামনের বছরের জন্য ভারসাম্যপূর্ণ করা হয়েছে এবং অর্থ বছর 2025 পর্যন্ত বাজেট ঘাটতি প্রায় 2 বিলিয়ন মার্কিন ডলার কমে গিয়েছে।

গভর্নরের নির্দেশে এই বছরের বাড়তি রাজস্বের 1.1 বিলিয়ন মার্কিন ডলার রিজার্ভে রাখা হবে এবং মূলধন প্রকল্পের ঋণ কমাতে 650 মিলিয়ন মার্কিন ডলারের ব্যবহার নির্ধারিত হয়েছে।

"যদিও স্টেটের অর্থনৈতিক চিত্র শক্তিশালী, যা কিনা এক বছর আগে আমরা যেখানে ছিলাম তার চেয়ে এক অবিশ্বাস্য পরিবর্তন, আমাদের অবশ্যই সাবধানতা অবলম্বন করতে হবে যেহেতু কোভিড-19 এর ডেলটা ভ্যারিয়েন্ট সংক্রমণ অব্যাহত রয়েছে, যা আমাদের অর্থনৈতিক পুনরুদ্ধারকে হুমকির মুখে ফেলছে," **গভর্নর হোচুল বলেন।** "এই কারণে, আমি অর্থনৈতিক মন্দার হাত থেকে স্টেটকে রক্ষা করার পাশাপাশি ভবিষ্যতের অবকাঠামোগত সক্ষমতা তৈরির নতুন খরচ মেটাতে স্টেটের রিজার্ভকে শক্তিশালী করছি যা নিউ ইয়র্কবাসীদের এবং আমাদের অর্থনীতিকে মহামারীর ছোবল থেকে রক্ষা করা এবং নিউ ইয়র্ককে সামনের দিকে ধাবিত করার জন্য প্রয়োজনীয়।"

স্টেটের অর্থনৈতিক পরিকল্পনা, যা চার বছর সময়ের মধ্যে রাজস্ব এবং ব্যয়ের আনুমানিক হিসাব দেয়, তা অনুযায়ী অর্থ বছর 2022 এর জন্য মোট ব্যয় 209.5 বিলিয়ন মার্কিন ডলার হবে, যা মে মাসে প্রকাশিত প্রণীত বাজেট অর্থনৈতিক পরিকল্পনার চেয়ে 0.3 শতাংশ বেশি যা ভাড়া ভ্রাণ হিসাবে পাওয়া ফেডারেল তহবিল, যা প্রত্যাশার চেয়ে 300 মিলিয়ন মার্কিন ডলার বেশি ছিল এবং পাবলিক এমপ্লয়িজ ফেডারেশন (Public Employees Federation) এর সাথে লেবার সেটেলমেন্ট সহকারে প্রণীত হয়। সকল তহবিলের রাজস্ব গ্রহণ 215.3 বিলিয়ন মার্কিন ডলার হবে বলে প্রত্যাশিত, যা 0.7 শতাংশ বৃদ্ধি, যা প্রত্যাশার চেয়ে 2.1 বিলিয়ন মার্কিন ডলার বেশি রাজস্ব গ্রহণ প্রতিফলিত করে।

বাজেট প্রণয়নের সময়ে, অর্থনৈতিক পরিকল্পনা অর্থ বছর 2024 এর জন্য 1.4 বিলিয়ন মার্কিন ডলার এবং অর্থ বছর 2025 এর জন্য 2 বিলিয়ন মার্কিন ডলার ঘাটতি দেখিয়েছিল। আজকে প্রকাশিত হালনাগাদকৃত প্রথম কোয়ার্টার অর্থনৈতিক পরিকল্পনা অর্থ বছর 2024 এর জন্য 247 মিলিয়ন মার্কিন ডলার এবং অর্থ বছর 2025 এর জন্য 1.2 বিলিয়ন মার্কিন ডলার ঘাটতি দেখায়, যা দুই বছরের মধ্যে প্রায় 2 বিলিয়ন মার্কিন ডলার কমে যাবে। 2022 এবং 2023 অর্থ বছরের জন্য বাজেট ভারসাম্যপূর্ণ।

বর্তমান বছরে, নতুন চিহ্নিত রাজস্ব রিজার্ভে 1.1 বিলিয়ন মার্কিন ডলার যুক্ত করবে, যার মধ্যে সম্ভাব্য লেবার সেটেলমেন্ট এবং অর্থ বছর 2021 প্রণীত 10 শতাংশ পুনরাবৃত্ত বাজেট কর্তনের পর এজেন্সির পরিচালনার জন্য তহবিল, মূলধন প্রকল্পের জন্য ঋণ কমাতে 650 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত থাকবে, এবং বাকি থাকা তহবিল পাবলিক এমপ্লয়িজ ফেডারেশনের সাথে সাম্প্রতিক লেবার সেটেলমেন্টের আগের বছরগুলির খরচ মেটাতে সহায়তা করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)